

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৫৮
আগরতলা, ১৫ অক্টোবর, ২০২৬

কৃত্রিম বুদ্ধিমত্তায় প্রশিক্ষিত ত্রিপুরার ১০ জন
তরুণ-তরুণী দিল্লি ও বেঙ্গালুরুতে ইন্টার্নশিপের সুযোগ পেলেন

প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা ৪.০ এবং মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন প্রকল্প-এর অধীনে কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স -এ প্রশিক্ষণপ্রাপ্ত ত্রিপুরার ১০ জন তরুণ-তরুণী দিল্লি ও বেঙ্গালুরুর প্রযুক্তি সংস্থাগুলিতে শিল্প-ইন্টার্নশিপের জন্য গতকাল নিয়োগপত্র পেয়েছেন। সচিবালয়ের ১ নং কনফারেন্স হলে দক্ষতা উন্নয়ন অধিদপ্তর আয়োজিত এক অনুষ্ঠানে এই নিয়োগপত্রগুলি প্রদান করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সাত্ত্বনা চাকমা এবং দক্ষতা উন্নয়ন অধিদপ্তরের অধিকর্তা প্রদীপ কো. মোট ১৫২ জন প্রার্থীকে ‘এ আই অ্যাসিস্ট্যান্ট’ এবং ‘এ আই মেশিন লার্নিং অ্যানালিস্ট’ হিসেবে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আই আই টি দিল্লি-র আই এইচ এফসি -এর সাথে যৌথ উদ্যোগে পরিচালিত এই প্রশিক্ষণ কর্মসূচিটি এন আই টি আগরতলা এবং নিলিট, আগরতলায় সম্পন্ন হয়। এর মাধ্যমে রাজ্যের তরুণ-তরুণীরা প্রযুক্তির অন্যতম দ্রুত বর্ধনশীল ক্ষেত্রে হাতে-কলমে কাজ শেখার সুযোগ পেয়েছেন। এই উদ্যোগের ফলস্বরূপ, ১০ জন প্রার্থীকে দুই মাসের শিল্প ইন্টার্নশিপের জন্য নির্বাচিত করা হয়েছে, যা ২১ অক্টোবর ২০২৬ থেকে শুরু হবে। এই ইন্টার্নশিপের মাধ্যমে তারা শিল্পক্ষেত্রে কাজের বাস্তব অভিজ্ঞতা অর্জনের পাশাপাশি পেশাদার কর্ম পরিবেশে নিজেদের প্রযুক্তিগত জ্ঞান প্রয়োগ করার সুযোগ পাবেন। নির্বাচিত প্রার্থীদের মধ্যে দেবর্ষি সাহা, দেবাদ্রিতা সাহা, অরুণোদয় দেবনাথ, কৃষ্ণা দত্ত, তন্ময় দেবনাথ এবং পুষ্পিতা শীল-এই ছয়জন দিল্লির ‘কারনট রিসার্চ প্রাইভেট লিমিটেড’ - ইন্টার্নশিপ করবেন। প্রেরণা সাহা এবং সাগ্নিক সাহা দিল্লির ‘ব্রেভকোর সার্ভেইল্যান্ড অ্যান্ড ট্যাকটিক্যালস’ -এ যোগ দেবেন। অন্যদিকে কৃতিকা বণিক এবং প্রতীক নারায়ণ চক্রবর্তী বেঙ্গালুরুর ‘সেম্যান্টিকা টেকনোলজিস প্রাইভেট লিমিটেড’-এ ইন্টার্নশিপ করবেন।

এই উদ্যোগ ত্রিপুরা সরকারের সেই অঙ্গীকারেরই প্রতিফলন, যার লক্ষ্য হলো তরুণ প্রজন্মকে উদীয়মান প্রযুক্তির ক্ষেত্রে শিল্প-উপযোগী দক্ষতায় গড়ে তোলা এবং প্রশিক্ষণ ও কর্মসংস্থানের মধ্যকার ব্যবধান কমিয়ে আনা। আই আই টি দিল্লি, আই আই এইচ এফসি এবং বিভিন্ন শিল্প অংশীদারদের সাথে এই সহযোগিতা দক্ষতা উন্নয়ন প্রতিষ্ঠান ও নিয়োগকর্তাদের মধ্যকার সেতুবন্ধনকে আরও শক্তিশালী করবে বলে আশা করা হচ্ছে। আগামী সপ্তাহগুলোতে প্রশিক্ষণপ্রাপ্ত অন্যান্য প্রার্থীদের জন্যও ইন্টার্নশিপ ও কর্মসংস্থানের সুযোগ নিশ্চিত করার প্রচেষ্টা অব্যাহত রাখবে। দক্ষতা উন্নয়ন অধিদপ্তর সকল নির্বাচিত প্রার্থীকে অভিনন্দন জানাচ্ছে এবং তাদের ইন্টার্নশিপ ও ভবিষ্যতের পেশাগত জীবনে সাফল্যের কামনা করছে। দক্ষতা উন্নয়ন অধিদপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
